

# Phone call between Prime Minister Shri Narendra Modi and H.E. Dr. John Pombe Joseph Magufuli, President of the United Republic of Tanzania

June 12, 2020

## মাননীয় প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী এবং তানজানিয়া সংযুক্ত প্রজাতন্ত্রের রাষ্ট্রপতি মহামান্য ডক্টর জন পম্বে জোসেফ মাগুফুলির মধ্যে টেলিফোনে বাক্যালাপ

জুন 12, 2020

প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী আজ তানজানিয়া সংযুক্ত প্রজাতন্ত্রের রাষ্ট্রপতি মহামান্য ডক্টর জন পম্বে জোসেফ মাগুফুলির সাথে টেলিফোনে বাক্যালাপ করেছেন।

মাননীয় প্রধানমন্ত্রী 2016 সালের জুলাই মাসে তার দার-এস-সালামের সফর নিয়ে উষ্ণ স্মৃতিচারণা করেছেন এবং তানজানিয়ার সাথে থাকা পরম্পরাগত বন্ধুত্বপূর্ণ সম্পর্কের প্রতি ভারতের সংযুক্ত থাকার গুরুত্বের উপর জোর দিয়েছেন। তানজানিয়ার সরকার এবং জনগণের প্রত্যাশা এবং প্রয়োজনীয়তা অনুযায়ী উন্নয়নের পথে তার যাত্রার অংশীদার হিসেবে ভারতের অঙ্গীকারের কথা তিনি পুনরায় ব্যক্ত করেছেন। কোভিড-19 অতিমারি শুরু হওয়ার ফলে তানজানিয়ায় থাকা ভারতীয় নাগরিকদের ফিরিয়ে আনার ক্ষেত্রে তানজানিয়ার কতৃপক্ষের সাহায্যের জন্য মাননীয় প্রধানমন্ত্রী রাষ্ট্রপতি মাগুফুলিকে ধন্যবাদ জানিয়েছেন।

নেতারা সামগ্রিক দ্বিপাক্ষিক সম্পর্ক নিয়ে পর্যালোচনা করেছেন। উন্নয়নের ক্ষেত্রে বাড়তে থাকা অংশীদারিত্ব, শিক্ষার বিষয়ে যোগাযোগ, বাণিজ্য এবং ভারত এবং তানজানিয়ার মধ্যে থাকা বিনিয়োগ প্রবাহ নিয়ে তারা সন্তুষ্টি প্রকাশ করেছেন এবং এই প্রবণতাগুলিকে আরো স্বরাস্থিত করার সম্ভবনা নিয়ে আলোচনা করেছেন।

এই বছরে তানজানিয়ায় হতে চলা আগামী রাষ্ট্রপতি নির্বাচন এবং লোকসভা নির্বাচন নিয়ে মাননীয় প্রধানমন্ত্রী মহামান্য রাষ্ট্রপতি মাগুফুলি এবং তানজানিয়ার জনগণের প্রতি শুভকামনা জানিয়েছেন।

নিউ দিল্লি

জুন 12, 2020